# উপজেলা পরিষদ কার্যালয়
বোয়ালখালী, চট্টগ্রাম
www.boalkhali.chittagong.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## বোয়ালখালী উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২১-তে অনুষ্ঠিত ২৮তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আলহাজ্ব মোঃ নুরুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম। |
| সভার তারিখ ও সময় | ঃ | ০৮ সেপ্টেম্বর' ২০২১, বেলা ১০.৩০ ঘটিকা |
| সভার ধরণ | ঃ | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ (অপরাজিতা), বোয়ালখালী |
| সভায় উপস্থিতি/ অনুপস্থিতি | ঃ | পরিশিষ্ট 'ক' |

সভার সভাপতি ও উপজেলা পরিষদের চেয়ারম্যান সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার সার্বিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালীকে অনুরোধ জানান। সভার শুরুতে বিগত আগস্ট/২০২১ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। আলোচনান্তে, গত সভার কার্যবিবরণী কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর পর্যায়ক্রমে বিভাগ ভিত্তিক আলোচনা করার জন্য সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাবৃন্দকে অনুরোধ জানান।

| ক্রম | বিভাগ/ সংস্থার নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। পাশাপাশি করোনার ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। বর্তমানে বোয়ালখালীতে প্রায় ৯৩০০০ হাজারের বেশি লোক টিকার জন্য রেজিস্ট্রেশন করেছেন। এ যাবত ১ম ও ২য় ডোজ মিলে প্রায় ৬৬০০০ হাজার লোক টিকা গ্রহণ করেছে। যারা ২য় ডোজ গ্রহণ করেনি তাদেরকে দ্রুত সময়ের মধ্যে ২য় ডোজ গ্রহনে অনুরোধ জানান। তবে ম্যাসেস ব্যতীত টিকা দেয়া যাবেনা জানিয়ে এ বিষয়টি সাধারণ মানুষকে জানানোর জন্য সংশ্লিষ্ট মেয়র ও ইউপি চেয়ারম্যারদের সহযোগিতা কামনা করেন। গত ৭/৯/২০২১খ্রি. তারিখে ইউনিয়ন পর্যায়ে গনটিকা কার্যক্রমে ২য় ডোজ ৪২০০জন গ্রহণ করেছেন। আজন ৮/৯/২০২১খ্রি. তারিখ ৩টি ইউনিয়নে ১৮০০ জনকে টিকা প্রদান করা হবে। উপজেলা হাসপাতালে করোনার একজন রোগীও ভর্তি নাই উল্লেখ করে করোনায় আক্রান্ত রোগীর সংখ্যা নিম্নমূখী জানিয়ে এ বিষয়ে সকলকে সচেতন থাকার আহ্বান জানান। এছাড়া হাসাপাতালের জলবদ্ধ নিরসন ও বিশুদ্ধ খাবার পানি সংকট নিরসনে একটি গভীর নলকূপ বরাদ্দ দেয়া প্রয়োজন উল্লেখ করে এ বিষয়ে মেয়র, বোয়ালখালী পৌরসভা, সভার সভাপতি ও মাননীয় সংসদ সদস্য মহোদয়কে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে বিশেষভাবে অনুরোধ জানান। | হাসপাতালের জলবদ্ধতা নিরসন ও বিশুদ্ধ খাবার পানি সরবরাহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ বোয়ালখালী, মেয়র বোয়ালখালী পৌরসভা ও উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার বোয়ালখালী |
| ০২ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে সরকারী উন্নয়ন সহায়তার আওতায় (৫০% ভর্তুকী মূলে) কম্বাইন্ড হারভেস্টার, রিপার, রাইস ট্রান্স প্লান্টার, পাওয়ার প্রেসার, ড্রায়ার ইত্যাদি যন্ত্র ক্রয়ে আগ্রহী কৃষকদের দ্রুত উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করে নির্ধারিত ফরমে আবেদন করার বিষয়ে স্ব-স্ব এলাকার কৃষকদের জানানোর বিষয়ে সকল চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করা হয়। বোয়ালখালীর বিভিন্ন ইউনিয়নে পাওয়ার টিলারের অভাবে এবং পেলেও উচ্চ মূল্য প্রদানের কারণে কৃষকরা চাষাবাদ করতে আগ্রহ হারাচ্ছে জানিয়ে সরকারি অর্থায়নে কৃষকদের মাঝে তাদের সমবায় সমিতির মাধ্যমে বিনামূল্যে পাওয়ার টিলার প্রদানে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধ জানান।<br>**মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব মোছলেম উদ্দিন আহমদ মহোদয় বলেন,** করোনাকালীন এ সময়ে দেশে যেকোন সময় খাদ্য সংকট দেখা দিতে পারে। একমাত্র কৃষকরাই পারে তাদের জমি চাষাবাদ এবং উচ্চ ফলনের মাধ্যমে ফসলের উৎপাদন বৃদ্ধির মাধ্যমে দেশকে খাদ্যে সয়ংসম্পূর্ণ করতে। ইতোমধ্যে কৃষকদের সেচ খরচ কমাতে স্কীম ম্যানেজারদের খানি প্রতি ৫০০/- টাকা হারে ভূর্তকি প্রদান করা হয়েছে এবং তাদের সুবিধার্থে ও কৃষকদের চাষাবাদে আগ্রহী করতে কৃষক সমবায় সমিতির মাধ্যমে জাইকার অর্থায়নে পাওয়ার টিলার প্রদানের বিষয়ে সভায় প্রস্তাব রাখেন। এছাড়া পাওয়ার টিলার কৃষকদের জন্য সহজপ্রাপ্তির লক্ষ্যে প্রত্যেক ইউপি চেয়ারম্যানকে ১টি করে পাওয়ার টিলার ক্রয়ের জন্য অনুরোধ জানান। | মাননীয় এমপি মহোদয়ের প্রস্তাবনা অনুসারে প্রত্যেক ইউনিয়নে কৃষক সমবায় সমিতির মাধ্যমে ১টি করে পাওয়ার টিলার জাইকার অর্থায়নে বিনামূল্যে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং পৌরসভার মেয়র সহ প্রত্যেক ইউপি চেয়ারম্যানকে ১টি করে পাওয়ার টিলার ক্রয় করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ বোয়ালখালী, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা কৃষি অফিসার, ইউপিএফ বোয়ালখালী ও ইউপি চেয়ারম্যান (সকল) |

| ক্রম | বিভাগ/ সংস্থার নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান যে, তাঁর বিভাগীয় নিয়মিত কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। বোয়ালখালী উপজেলায় প্রাপ্তি দুধ ও মাংস উৎপাদন অব্যাহত রয়েছে। তবে ভোক্তাদের গ্রহণ কম হওয়ার কারণে খামারিরা ক্ষতিগ্রস্ত হচ্ছে। তাই দুধেয় ভ্যালু এডিশন (মূল্য সংযোজন) যেমন- ঘি, মিষ্টি, দই, মাঠা প্রভৃতি তৈরির জন্য জনসচেতনতা বৃদ্ধিকল্পে ব্যবস্থা গ্রহনে সকলের সহযোগিতা কামনা করেন। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণিসম্পদ অফিসার বোয়ালখালী, চট্টগ্রাম |
| ০৪ | মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য অফিসার জানান যে, ২৮ আগস্ট - ০৩ সেপ্টেম্বর, ২০২১খ্রি. পর্যন্ত জাতীয় মৎস্য সপ্তাহ সফলভাবে পালিত হয়েছে। এ উপলক্ষ্যে মৎস্য আইন বিষয়ক অভিযান পরিচালনা করা হয় ১টি এবং চাষীদের সাথে মতবিনিময় সভা করা হয় ২টি। আগামী ১৩ সেপ্টেম্বর, ২০২১ জাতীয় রাজস্ব বাজেটের আওতায় পোনা মাছ বিতরণ করা হবে। | জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষ্যে বোয়ালখালী উপজেলায় জাতীয় রাজস্ব বাজেটের আওতায় বিতরণের জন্য পোনা মাছের জাত এবং মান অক্ষুন্ন রাখার বিষয়ে সংশ্লিষ্টদের নজরদারী বাড়ানোর অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মৎস্য অফিসার বোয়ালখালী, চট্টগ্রাম |
| ০৫ | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তবে এডিপি'র ১ম কিস্তির বরাদ্দ পাওয়া গিয়েছে জানিয়ে স্ব-স্ব ইউনিয়নের প্রকল্প প্রস্তাব এখনও পাওয়া যায়নি উল্লেখ করে দ্রুত সময়ের মধ্যে প্রকল্প তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যারদের অনুরোধ জানান। | এডিপির অর্থায়নে বাস্তবায়নের জন্য প্রকল্প তালিকা প্রেরণের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি চেয়ারম্যান (সকল) |
| ০৬ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তবে আগামী ১২ তারিখ হতে বিদ্যালয়ের পাঠদান শুরুর সরকারি নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক সকল স্কুল, কলেজ ও মাদ্রাসার পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রয়েছে। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বোয়ালখালী, চট্টগ্রাম |
| ০৭ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। আগামী ১২ সেপ্টেম্বর, ২০২১ তারিখ হতে স্বাস্থ্যবিধি মেনে শ্রেণি পাঠদান শুরু করার সরকারি যে নির্দেশনা রয়েছে, সে মোতাবেক সকল শিক্ষা-প্রতিষ্টান প্রধানদের নির্দেশনা প্রদান করা হয়েছে জানিয়ে এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা বোয়ালখালী, চট্টগ্রাম |
| ০৮ | পল্লী বিদ্যুৎ বিভাগ | ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, বোয়ালখালী জোনাল অফিস জানান যে, বোয়ালখালী উপজেলায় ইতোমধ্যে শতভাগ বাড়ী-ঘর বিদ্যুতায়ন সম্পন্ন হয়েছে। নতুন নতুন গড়ে উঠা বাড়ী ঘরে বিদ্যুৎ সংযোগ প্রদান চলমান আছে। আগামী ২০ সেপ্টেম্বর, ২০২১ হতে বিদ্যুৎ লাইনের আশপাশের গাছ-পালার ডাল কাঁটা কার্যক্রম শুরু হবে। জনপ্রতিনিধিসহ সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হয়। সরকারি অফিস সহ যাদের বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে তাদেরকে বকেয়া বিল পরিশোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে অনুরোধ জানান। | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ সহ কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি -১, বোয়ালখালী |
| ০৯ | মহিলা বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, তাদের ভিজিডি কার্যক্রমসহ সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক অফিসার বোয়ালখালী |
| ১০ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বোয়ালখালী |
| ১১ | সমবায় বি ভা গ | উপজেলা সমবায় কর্মকর্তা জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া আগস্ট/২০২১ মাসে ২টি আশ্রয়ন/আবাসন প্রকল্পের ঋণ কার্যক্রম নিম্নরুপঃ<br>প্রকল্পের নাম \| মোট ঋণ প্রদান \| আদায় হার \| খেলাপী ঋণের পরিঃ \| ঋণ পাওনা সদস্য সংখ্যা<br>জৈষ্ঠ্যপুরা আশ্রায়ণ \| ১৯২৯০০০/- \| ৯৭% \| ১০৯৮৬২/- \| ১৪ জন<br>আহল্লা করলডেঙ্গা \| ৫৮৫০০০/- \| ৭৯% \| ১৩০৯৬৪/- \| ১৬ জন<br>ঋণ আদায়ে জোর প্রচেষ্টা অব্যহত রয়েছে এবং এ বিষয়ে সংশ্লিষ্ট ইউ.পি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর বিভাগের অন্যান্য কার্যক্রম নিয়মিতভাবে চলমান রয়েছে বলে জানান। | কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা বোয়ালখালী |

Nested table in row ১১:

| প্রকল্পের নাম | মোট ঋণ প্রদান | আদায় হার | খেলাপী ঋণের পরিঃ | ঋণ পাওনা সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|
| জৈষ্ঠ্যপুরা আশ্রায়ণ | ১৯২৯০০০/- | ৯৭% | ১০৯৮৬২/- | ১৪ জন |
| আহল্লা করলডেঙ্গা | ৫৮৫০০০/- | ৭৯% | ১৩০৯৬৪/- | ১৬ জন |

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/ সংস্থার নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>১২</td><td>পরিবার পরিকল্পনা বিভাগ</td><td>উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম স্বাভাবিক রয়েছে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পঃ পঃ কর্মকর্তা বোয়ালখালী</td></tr>
<tr><td>১৩</td><td>খাদ্য বিভাগ</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান যে, খাদ্য মন্ত্রণালয়ের নির্দেশনায় এবং খাদ্য অধিদপ্তর কর্তৃক পরিচালিত করোনা মহামারী লকডাউন পরিস্থিতিতে নিম্ন আয়ের মানুষকে খাদ্য সহয়তা প্রতিটি কার্ডধারী পরিবারকে ৩০ কেজি পুষ্টি চাল সরবরাহ করা হবে। পুষ্টি চাল আছে (ভিটামিন বি১+বি৬+বি১২ +জিংক+আয়রন সংমিশ্রিত পুষ্টি দানা) যা সাধারণ চালের মতোই রান্না করতে হবে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোয়ালখালী</td></tr>
<tr><td>১৪</td><td>যুব উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, তাদের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে বলে জানান। তবে চলতি অর্থ বছরে (আগস্ট/২০২১) মাসে লক্ষ্যমাত্রা মোতাবেক যুব ঋণ বিতরণ ও আদায়ের হার আশাব্যঞ্জক নয়। সেপ্টেম্বর/২১ থেকে তা সহনীয় পর্যায়ে আনার চেষ্টা অব্যাহক থাকবে বলে জানান। এছাড়া প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক বাজেট প্রাপ্তি সাপেক্ষে সেপ্টেম্বর/২১ মাসের ৪র্থ সপ্তাহ থেকে প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে বলে জানান।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী</td></tr>
<tr><td>১৫</td><td>সমাজ সেবা বি ভা গ</td><td>উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, তাদের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে মৃত ভাতাভোগীদের নীতিমালা অনুয়ায়ী প্রতিস্থাপন করে আগামী ১৫ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখের মধ্যে সমাজসেবা অফিসে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া যে সকল প্রতিবন্ধী এখনো জরিপের আওতায় আনা যায়নি, সে সকল প্রতিবন্ধীদের প্রতি বুধবার সমাজসেবা অফিসে প্রেরণ করে জরিপের অর্ন্তভূক্ত করার জন্য মেয়র, বোয়ালখালী পৌরসভা ও ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।</td><td>উথাপিত বিষয়ে কার্যকরি ব্যবস্থা গ্রহনের জন্য ইউপি চেয়ারম্যানগণদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা সমাজসেবা অফিসার বোয়ালখালী ও ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>১৬</td><td>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</td><td>উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল কার্যালয়, বোয়ালখালী জানান যে, তাঁর দপ্তরের নিয়মিত কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া ২০২০-২১ অর্থ বছরে সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের অধীনে বোয়ালখালীতে বরাদ্দকৃত ২৩৪টি সাবমারসেবল পাম্পসহ গভীর নলকূপের স্থাপনের কাজ চলমান রয়েছে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ বোয়ালখালী</td></tr>
<tr><td>১৭</td><td>পল্লী জীবিকায়ন প্রকল্প</td><td>উপজেলা প্রকল্প কর্মকর্তা জানান যে, বোয়ালখালী উপজেলায় তাদের ১২০টি সমিতি রয়েছে। গত মাসে ০৮টি সমিতির মধ্যে ২৮,৮০,০০০/- টাকা বিত্তহীনদের ঋণ দেয়া হয়েছে। আদায়ের হার ৯০% ।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী জীবিকায়ন কর্মকর্তা বোয়ালখালী।</td></tr>
<tr><td>১৮</td><td>পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন অফিসার জানান যে, বোয়ালখালী উপজেলায় তাদের ১৫০টি সমিতি রয়েছে। গত মাসে ৬০,০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। এছাড়া অংশীদারিত্বমূলক প্রকল্পের কাজ চলমান রয়েছে।</td><td>কার্যক্রমের এ ধারা অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বোয়ালখালী</td></tr>
<tr><td>১৯</td><td>ইউজিডিপি</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, ইউজিডিপি, বোয়ালখালী জানান যে, চট্টগ্রাম জেলার বোয়ালখালী উপজেলার উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় ৪র্থ পর্যায়ে (২০১৯-২০২০) অর্থবছরে সক্ষমতা উন্নয়ন এবং অবকাঠামো উন্নয়ন বিষয়ক উপপ্রকল্পগুলো যথাক্রমে গত ২৫/০৮/২০২১ এবং ০১/০৯/২০২১ ইং তারিখে প্রকল্প বাছাই কমিটিতে অনুমোদনের পর মাসিক সভায় প্রকল্পগুলো উত্থাপনের জন্য প্রেরণ করা হলো। বোয়ালখালী উপজেলার সক্ষমতা বিষয়ক ছয়টি উপ-প্রকল্প বাছাই করা হয়। প্রকল্পগুলো নিম্নরুপ-
<table>
<tr><th>ক্র নং</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>বাজেটের পরিমাণ</th></tr>
<tr><td>১.</td><td>ভূট্টা ও সরিষা আবাদ বৃদ্ধির লক্ষ্যে ২ দিন ব্যপী কৃষক-কৃষাণী প্রশিক্ষণ।</td><td>=১৮২৩০০/-</td></tr>
<tr><td>২.</td><td>গবাদী পশু (হাঁস-মুরগীর) টিকাদানকারী সেবাকর্মী প্রশিক্ষণ।</td><td>=১৭৩,২৯০/-</td></tr>
<tr><td>৩.</td><td>মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরনের জন্য বিদ্যালয় ব্যবস্থাপনা উন্নয়নে এসএমসি সভাপতি, প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকের ভূমিকা বিষয়ক প্রশিক্ষণ</td><td>=১৭১,৫২০/-</td></tr>
<tr><td>৪.</td><td>করোনা মোকাবেলায় স্বাস্থ্য সেবাকর্মী ও পল্লী চিকিৎসকদের প্রশিক্ষণ</td><td>=১৭৭৮০০/-</td></tr>
</table></td><td>উল্লেখিত প্রকল্পগুলো বাস্তবায়নে সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। পরবর্তী কার্যক্রম গ্রহণে সংশ্লিষ্টদের অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী, উপজেলা প্রকৌশলী বোয়ালখালী ও উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর ইউজিডিপি বোয়ালখালী, চট্টগ্রাম।</td></tr>
</table>

<table>
<tr><th>ক্রম</th><th>বিভাগ/ সংস্থার নাম</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২০</td><td>ইউজিডিপি</td><td>
<table>
<tr><th>ক্র নং</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>বাজেটের পরিমাণ</th></tr>
<tr><td>৫.</td><td>গ্রামীন জনগোষ্ঠীর আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রযুক্তি গত উন্নয়ন ও মোবাইল সার্ভিসিং বিষয়ক প্রশিক্ষণ</td><td>১৭৫,৩০০/-</td></tr>
<tr><td>৬.</td><td>নির্মাণ শ্রমিকদের নির্মাণ কৌশল সম্পর্কে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ</td><td>১১৯,৭৯০/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>=১০,০০,০০০/-</td></tr>
</table>
এবং বোয়ালখালী উপজেলার অবকাঠামো বিষয়ক তিনটি উপ-প্রকল্প বাছাই করা হয়। প্রকল্পগুলো নিম্নরুপ-
<table>
<tr><th>ক্র নং</th><th>উপ-প্রকল্পের নাম</th><th>বাজেটের পরিমাণ</th></tr>
<tr><td>১</td><td>বোয়ালখালী উপজেলার বিভিন্ন ইউনিয়নের মাদ্রাসা ও মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের জন্য বেঞ্চ সরবরাহ</td><td>=২৩,০০,০০০/-</td></tr>
<tr><td>২</td><td>বোয়ালখালী উপজেলার বিভিন্ন ইউনিয়নে বিআরডিবির কৃষক সমিতিকে পাওয়ার টিলার বিতরন</td><td>=২৫,০০,০০০/-</td></tr>
<tr><td>৩</td><td>বোয়ালখালী উপজেলার স্বাস্থ্য কমপ্লেক্স করোনা সম্পর্কিত চিকিৎসা সরঞ্জাম বিতরণ</td><td>=১২,০০,০০০/-</td></tr>
<tr><td colspan="2">সর্বমোট</td><td>=৬০,০০,০০০/-</td></tr>
</table>
অতএব, উপরোক্ত প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হয়।<br>
এ বিষয়ে সভায় বিশদ আলোচনা অনুষ্ঠিত হয় এবং প্রকল্পগুলো বাস্তবায়নে সভায় সকলে একমত পোষন করে অনুমোদন করা হয়।
</td><td></td><td></td></tr>
<tr><td rowspan="2">২১</td><td rowspan="2">বিবিধ</td><td>(ক) জনাব এস. এম. জসিম উদ্দিন, চেয়ারম্যান, পোপাদিয়া ইউপি জানান যে, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইপ-১ অধিশাখা এর স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫-৫৪২, তারিখ- ১০ জুলাই, ২০১৭খ্রি. মূলে উন্নয়ন কর্তৃপক্ষসমূহের আওতা বহির্ভূত উপজেলা ও ইউনিয়ন পরিষদ অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত/স্থাপনার নকশা অনুমোদন এবং ভবনের গুণগতমান নিশ্চিতকরণ কমিটি গঠন ও কার্যপরিধি সর্ম্পকে এবং স্মারক নং- ৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০৪.১৫. ১১৩০, তারিখ- ২৭ অক্টোবর, ২০২০খ্রি. মূলে উপজেলা ও ইউনিয়ন পরিষদের অধিক্ষেত্রাধীন এলাকায় ইমারত-স্থাপনার নকশা অনুমোদনের জন্য ফি নির্ধারণ করা হয়। কিন্তু উল্লেখিত পত্র দুটির নির্দেশনা বাস্তবায়ন না হওয়ায় একদিকে উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদ রাজস্ব হারাচ্ছে, অন্যদিকে বাধ্যবাধকতা না থাকার কারণে বাড়ির মালিকরা যত্রতত্র ভবন নির্মাণ করে ভবিষ্যতের জন্য জটিল পরিস্থিতি সৃষ্টি করছে। এমতবস্থায় স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের জারীকৃত নির্দেশনা বাস্তবায়নে যথাযথ ভূমিকা পালনে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান।</td><td>উত্থাপিত স্মারকদ্বয়ের নির্দেশনা বাস্তবায়নে কার্যকরী উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে লক্ষ্যে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের এ বিষয়ে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালীকে অনুরোধ করা হয়।</td><td>উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী<br>ও<br>ইউপি চেয়ারম্যান (সকল)</td></tr>
<tr><td>(খ) জনাব কাজল দে, চেয়ারম্যান, আমুচিয়া ইউপি জানান যে, যে গভীর নলকূপ গুলো বসানো হচ্ছে, তা মাত্র ৩০০-৩৫০ ফুটের মধ্যে লেয়ার বসানো হচ্ছে। বর্তমানে বর্ষা মৌসুমের কারণে এ লেয়ারে পানি পাওয়া গেলেও শুষ্ক মৌসুমে এই গভীর নলকূপ গুলোতে পানি পাওয়া যাবে না জানিয়ে এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য জনস্বাস্থ্য কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে সভার সভাপতি মহোদয়কে বিশেষভাবে অনুরোধ জানান।<br>
উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য জানান যে, যেখানে যত ফুটের মধ্যে লেয়ার পাওয়া যাচ্ছে তত ফুটের গভীর নলকূপ স্থাপন করা হচ্ছে।<br>
মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব মোছলেম উদ্দিন আহমদ জানান যে, একটি গভীর নলকূপ স্থাপনে ৮০০-৯০০ ফুট গভীরে লেয়ার বসানোর সরকারি বরাদ্দ বা প্রাক্কলন রয়েছে। অতএব ভবিষ্যতের কথা চিন্তা করে প্রাক্কালন অনুয়ায়ী প্রত্যেকটি নলকূপে ৮০০-৯০০ ফুটের মধ্যে লেয়ার স্থাপনের প্রস্তাব করেন এবং শতভাগ স্বচ্ছতার সাথে নলকূপ স্থাপনে সংশ্লিষ্টদের অনুরোধ জানান।</td><td>প্রাক্কলন অনুয়ায়ী প্রত্যেকটি গভীর নলকূপের লেয়ার ৮০০-৯০০ ফুটের মধ্যে বসানোর অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য অধিদপ্তর বোয়ালখালী</td></tr>
</table>

| | | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | বিবিধ | **(গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ্ব মোঃ নুরুল আলম মহোদয় জানান যে**, উপজেলা পরিষদের কাঁচা বাজার নামে খ্যাত ১নং সরকারি খাস খতিয়ানের ৭০৫৫নং দাগের ১০.০০ শতক জায়গায় ১৯৮৫ সালের দিকে তৎকালীন উপজেলা পরিষদের সম্মানিত সাবেক চেয়ারম্যান মরহুম জনাব মোঃ শামসুল আলম চৌধুরী মহোদয় জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে ২৭টি পাকা দোকান ঘর নির্মাণ করেন এবং উপজেলা পরিষদের পক্ষে উপজেলা চেয়ারম্যান এ দোকান ঘরগুলোকে বিভিন্ন ব্যক্তির কাছে চুক্তিনামার মাধ্যমে ভাড়া দিয়ে নিয়মিত ভাড়াও উপজেলা রাজস্ব তহবিলে জমা হয়ে আসছে। দোকান ঘরগুলো দীর্ঘদিনের পুরাতন হওয়ায় সেগুলো জরাজীর্ণ অবস্থায় অনেকটা ঝুঁকির মধ্যে ব্যবসায়ীরা ব্যবসা পরিচালনা করে আসছে। দোকানঘর গুলোর বর্তমান ভাড়ার হার মাত্র ১.৫ টাকা প্রতি বর্গফুট। দোকানঘর গুলোকে সংস্কার করা গেলে কয়েকগুন ভাড়া বৃদ্ধির মাধ্যমে উপজেলা পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি করা যায়। কিন্তু জায়গাটি ১নং সরকারি খাস খতিয়ানে অর্ন্তভূক্ত থাকায় তা উপজেলা পরিষদের নামে বন্দোবস্ত নেয়ার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় প্রস্তাব পেশ করেন। | বর্ণিত বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার বোয়ালখালী, চট্টগ্রাম |

<u>সভার প্রধান উপদেষ্ঠা মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব মোছলেম উদ্দিন আহমদ মহোদয়</u> সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, উপজেলা পরিষদের সার্বিক কাজের পাশাপাশি পরিষদের রাজস্ব আয় বৃদ্ধি করা একটি গুরুত্বপূর্ণ কাজ। যেহেতু এক অর্থ বছরের রাজস্ব তহবিলের উদ্বৃত্ত দিয়ে পরবর্তী অর্থ বছরের উন্নয়ন তহবিল সৃষ্টি হয়, সেহেতু রাজস্ব তহবিল সমৃদ্ধি করা না গেলে উন্নয়ন তহবিলের স্বল্পতার কারণে এলাকায় উন্নয়ন কর্মকান্ড করা সম্ভব নয়। তাই উপজেলা পরিষদের চেয়ারম্যান মহোদয় উপজেলা রাজস্ব আয় বৃদ্ধির লক্ষ্যে আজকের সভায় যে প্রস্তবটি উপস্থাপন করেছেন, তাতে একমত পোষণ করে পত্র-আলাপের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান এবং এ বিষয়ে মাননীয় জেলা প্রশাসক, চট্টগ্রাম মহোদয়ের সাথে তিনি ব্যক্তিগতভাবেও যোগাযোগ করবেন বলে সভায় সকলকে অবহিত করেন। তিনি বলেন, বোয়ালখালীতে রাস্তা-ঘাট, শিক্ষা-প্রতিষ্টানের ভবন, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা চেয়ারম্যানের বাসভবন সহ অনেকগুলো উন্নয়ন কাজ একসাথে চলমান রয়েছে। অবকাঠামোগত উন্নয়নে সরকার শতভাগ সফল হয়েছে উল্লেখ করে কিছু দিনের মধ্যে বোয়ালখালী উপজেলার এ সকল কাজ দৃশ্যমান হবে এবং জনগণ সুফল ভোগ করবে বলে জানান। করোনা কালীন সময়ে জীবনের ঝুঁকি নিয়ে যারা সরকারি নির্দেশনা বাস্তবায়নে কাজ করছে তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। করোনার পরবর্তী এ সময়ে দেশে যাতে খাদ্যের সংকট সৃষ্টি না হয়, সে লক্ষ্যে বিশেষ করে কৃষি, মৎস্য ও পোল্ট্রি'র উৎপাদন বাড়াতে সকল বিভাগীয় প্রধানকে আন্তরিকতার সহিত কাজ করার অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করেন।

অদ্যকার এ সভা উপস্থিত সকল সদস্যদের সার্বিক সহযোগিতায় সাফল্যমন্ডিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানানো হয়। অতঃপর সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/০৯/২০২১

আলহাজ্ব মোঃ নুরুল আলম
সভাপতি
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
বোয়ালখালী, চট্টগ্রাম
ফোন নং ঃ ০৩০৩২-৫৬১৮৮
uzpboalkhali@gmail.com

স্মারক নং ঃ উপঃপরিঃ/বোয়াল/চট্টঃ ২১- ০৬

তারিখ ঃ ০৮.০৯.২০২১খ্রি.

অনুলিপি ঃ সদয় অবগতি ও কার্যার্থে।

১. মাননীয় সংসদ সদস্য, চট্টগ্রাম-০৭ ও ০৮।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক (যুগ্ম সচিব), স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
৪. জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫. সিনিয়র সহকারী সচিব, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-১ শাখা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

জনাব.......................................................
সম্মানিত উপদেষ্টা/সদস্য, উপজেলা পরিষদ, বোয়ালখালী, চট্টগ্রাম।

০৮/০৯/২০২১

নাজমুন নাহার
উপজেলা নির্বাহী অফিসার
বোয়ালখালী, চট্টগ্রাম
ফোন নং ঃ ০৩০৩২-৫৬০৪৪
unoboalkhali@mopa.gov.bd

**উপজেলা পরিষদের ২৮ তম সভায় উপস্থিতির তালিকা (স্বাক্ষরের ক্রমানুসারে)ঃ** **পরিশিষ্ট-ক**

| ক্রম | নাম | পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব এস. এম. সেলিম | ভাইস-চেয়ারম্যান, বোয়ালখালী উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০২ | জনাব শামীম আরা বেগম | মহিলা ভাইস-চেয়ারম্যান, বোয়ালখালী উপজেলা পরিষদ | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব জোবাইদা বেগম | মেয়র প্রতিনিধি, বোয়ালখালী পৌরসভা, চট্টগ্রাম | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব এস. এম. মিজানুর রহমান | চেয়ারম্যান, বোয়ালখালী কেন্দ্রীয় সমবায় সমিতি | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব শফিউল আলম | চেয়ারম্যান, ১নং কধুরখীল ইউপি, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ০৬ | আলহাজ্ব মোঃ বেলাল হোসেন | চেয়ারম্যান, ৫নং সারোয়াতলী ইউ.পি | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব এস.এম.জসিম উদ্দিন | চেয়ারম্যান, ৬নং পোপাদিয়া ইউ.পি | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব আবদুল মান্নান মোনাফ | চেয়ারম্যান, ৪নং শাকপুরা ইউ.পি, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মোঃ হামিদুল হক মন্নান | চেয়ারম্যান, ১০ নং আহল্লা করলডেঙ্গা ইউ.পি | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কাজল দে | চেয়ারম্যান, ৯নং আমুচিয়া ইউ.পি, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব হোসনেআরা বেগম | প্যানেল চেয়ারম্যান, ০২ নং পশ্চিম গোমদন্ডী ইউ.পি | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মোঃ সামসুল আলম | চেয়ারম্যান, ৭নং চরণদ্বীপ ইউ.পি | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোহাম্মদ মোকারম | চেয়ারম্যান, ৮নং শ্রীপুর-খরণদ্বীপ ইউ.পি | স্বাক্ষরিত |
| | | **উপস্থিত কর্মকর্তাদের তালিকা** | |
| ০১ | জনাব নাজমুন নাহার | উপজেলা নির্বাহী অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম। | স্বাক্ষরিত |
| ০২ | ডাঃ মোহাম্মদ জিল্লুর রহমান | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার, বোয়ালখালী। | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব আতিক উল্লাহ | উপজেলা কৃষি অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম। | স্বাক্ষরিত |
| ০৪ | ডাঃ সেতু ভূষন দাশ | উপজেলা প্রাণিসম্পদ অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম। | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব শিমুল বড়ুয়া | উপজেলা সহকারী মৎস্য অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম। | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ রেজাউল করিম | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, বোয়ালখালী। | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব অজন্তা ইসলাম | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, বোয়ালখালী। | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ তরিকুল ইসলাম | উপজেলা শিক্ষা অফিসার, বোয়ালখালী। | স্বাক্ষরিত |
| ০৯ | ডাঃ মোঃ হোসেন আল মামুন | প্রদিনিধি- উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বোয়ালখালী। | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মোহাম্মদ রাসেল চৌধুরী | উপজেলা সমবায় অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম | স্বাক্ষরিত |
| ১১ | জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোয়ালখালী, চট্টগ্রাম | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মিথুন গুপ্ত | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব সুদর্শী দেওয়ান | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মুহাম্মদ দেলোয়ার হোসেন | উপজেলা সমাজসেবা অফিসার, বোয়ালখালী, চট্টগ্রাম | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোহাম্মদ এমরান গণি | ডিজিএম, চট্টগ্রাম পল্লী বিদ্যুৎ সমিতি-১, বোয়ালখালী জোনাল অফিস। | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব পাপিয়া চাকমা | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, স্থানীয় সরকার বিভাগ | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব মোহাম্মদ ইসমাঈল | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব ভাস্কর প্রসাদ চৌধুরী | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব | উপজেলা প্রকল্প অফিসার, বোয়ালখালী | স্বাক্ষরিত |
| ২০. | জনাব মোঃ ইউনুছ মিয়া | রেঞ্জ কর্মকর্তা, পটিয়া রেঞ্জ | স্বাক্ষরিত |
| ২১. | জনাব মোহাম্মদ মামুন | উপজেলা যুব উন্নয়ন অফিসার, বোয়ালখালী | স্বাক্ষরিত |